# কালক্রম

## ১৬বর্ষ ২০২৩




# বোধজং স্কুল অ্যালামনি

বোধজং স্কুল, আগরতলা, ত্রিপুরা

With Best Compliments from :-

# Debasish Das

**Govt. Contractor**

**Class-1, Govt. Contractor**

**Register under State PWD & NBCC Ltd.**



**Call : +91 9436121643**

**E-mail : dasbuilders.debasish@gmail.com**

**Off. / Resi. : Joynagar Middle Road,**

**Agartala, Tripura(W), Pin - 799001**

# কালক্রম

## ১৬ বর্ষ - ২০২৩




# বোধজং স্কুল অ্যালামনি

বোধজং স্কুল, আগরতলা, ত্রিপুরা

# সূচীপত্র


| | | | |
|---|---|---|---|
| ১। | প্রধান শিক্ষকের শুভেচ্ছা | — | ৩ |
| ২। | সভাপতির বক্তব্য | — | ৪ |
| ৩। | সম্পাদকীয় প্রতিবেদন | — | ৫ |
| ৪। | চেয়ারম্যান এর বক্তব্য | — | ৭ |
| ৫। | ভাইস চেয়ারম্যানের কথা | — | ৮ |
| ৬। | আহ্বায়কের কথা | — | ৯ |
| ৭। | Executive Committee | — | ১০ |
| ৮। | Donation for Re-union | — | ১৩ |
| ৯। | শ্রদ্ধার্ঘ্য অর্পণ | — | ১৬ |
| ১০। | Aditors Report | — | ১৭ |
| ১১। | বিধান চন্দ - কাগজের নৌকা | — | ১৮ |
| ১২। | Dr Anwesha Debbarman - Wingless Angel | — | ১৯ |
| ১৩। | Amit Kr Debbarman - "TRIPURI SOCIETY AT A GLANCE" | — | ২০ |
| ১৪। | ডাঃ ভোলানাথ সাহা - মাদার টেরিজার মৃত্যুর রৌপ্য জয়ন্তীতে উনার এক দুর্লভ দর্শনের স্মরণ ও মনন | — | ২২ |
| ১৫। | অচিন্ত্য কুমার দত্ত - ফিরে দেখা | — | ৪৫ |
| ১৬। | ডঃ হিমাংশু ভূষণ সাহা - অন্তরাগ | — | ৪৭ |
| ১৭। | Bhaskar Roy - PERSONALIZED MEDICINE | — | ৫০ |
| ১৮। | সুবীর চক্রবর্তী - খোলা টিফিন বক্স | — | ৫২ |
| ১৯। | প্রবাল বন্দ্যোপাধ্যায় - বিদ্যুৎ স্যার এর ছত্র ভঙ্গ | — | ৫৩ |
| ২০। | Dr Satyajit Chakraborty - MEDICINE IN ETHICAL, SOCIAL AND LEGAL SIDES | — | ৫৪ |


✦✦✦✦✦


স্মরণিকা ঃ **কালক্রম (বোধজং স্কুল অ্যালামনির ১৬তম সংখ্যা)**

সম্পাদনায় ঃ **অ্যালামনি কমিটি। প্রকাশ ঃ ২২ জানুয়ারী, ২০২৩**

প্রকাশক ঃ **বোধজং স্কুল অ্যালামনি, রেজি নং - ৫১৪৬/২০০৬। স্থাপিত ঃ ২০০৫**

Website : www.bodhjungschoolalumni.org.

e-mail : bodhjungschoolalumni@gmail.com

মুদ্রণ ঃ **নন্দনচর্চা, কর্ণেল চৌমুহনী, ফোন ঃ ৯৪৩৬১৮৩৯৪০**

## Greetings Message



শ্রী সুব্রত কুমার ভট্টাচার্য্য

I am extremely happy to know that Bodhjung School Alumni is organising its 16th Re-union Festival on 22/01/2023. The Alumni is at the same time publishing its yearly magagine ‘Kalakram” on this day.

Boudhjung HS School is one of the reputed and prestingious institutions of our state. The Alumni of the school has played an instrumental part in building this reputation of the School. The attachment of the Alumni members with the School is apparent in their activites towards the School. This year the Alumni is introducing merit stipend for the meritorious students of class VI & VII of the School which will gradually be introduced in other classes also. This pioneering step by the Alumni will go a long way in inspiring the students to study harder.

I wish Bodhjung School Alumni all the best for the re-union festival 2023.

Subrata Kr. Bhattacharjee
Principal
Bodhjung HS School



শ্রী প্রদীপ কুমার ভৌমিক

# সভাপতির বক্তব্য

বোধজং স্কুলে এলামনির উদ্যোগে আগামী ২২শে জানুয়ারী ২০২৩ তারিখে পুনর্মিলন উৎসব সামিল হতে চলেছি। এবার নিয়ে আমরা ১৬তম বার্ষিক সম্মেলনে মিলিত হতে যাচ্ছি।

বিগত বছরগুলিতে আমরা পুনর্মিলন উৎসব করার ক্ষেত্রে নানান সমস্যার সম্মুখীন হয়ে আসছিলাম। এ বছরে সেই সমস্যার সম্মুখীন হতে হচ্ছে না।

যেমন স্কুলের মাঠ বিগত বছরের তুলনায় অনেক ভালো অবস্থায় এসেছে। আমরা আমাদের এলামনির ঘর পেয়েছি। নতুন ঘরে বসে আমাদের কাজ করতে গিয়ে অনেক বেশি সাচ্ছন্দ অনুভব করছি।

আমাদের দীর্ঘ দিনের আকাঙ্খা ছিল স্কুলের ছাত্রদের মধ্যে স্কলারশীপ প্রদান। আমাদের স্কুলের প্রাক্তন ছাত্র এবং এলামনির সদস্য প্রয়াত হরিদাস আচার্য এবং নিরঞ্জন দেবনাথ এলামনির স্কলারশীল তহবিলে অর্থ দান করায় আমরা বিগত বছর ২জন ছাত্রকে স্কলারশীপ দিতে পেরেছি। আগামী দিনেও এই স্কলারশীপ প্রদান কার্যসূচী অব্যাহত থাকবে।

আমার বক্তব্য শেষ করার আগে স্কুলের প্রধান শিক্ষক সহ সকল শিক্ষক শিক্ষিকা এবং অশিক্ষক কর্মচারীদের প্রতি আমাদের শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করছি।

ধন্যবাদ সহ
প্রদীপ কুমার ভৌমিক
সভাপতি
বোধজং স্কুল এলামনি

# সম্পাদকীয় প্রতিবেদন



শ্রী মানব কর্মকার

এগিয়ে চলাই সময়ের ধর্ম। আমরাও চলার পথে সোপানগুলো অতিক্রম করে ক্রমশঃ অগ্রসর হচ্ছি। স্বামী বিবেকানন্দ বলতেন, "কোন জীবনই ব্যর্থ হবে না, জগতে ব্যর্থতা বলে কিছু নেই.....।" এই মহামূল্যবান চিরস্মরণীয় বাণীই আমাদের মূল প্রেরণা স্রোত। দেখতে দেখতে ১৬টি বছর অতিক্রম করেছি আমরা। ধীরে ধীরে এলামনি তার শৈশবস্থা অতিক্রম করে কৈশোরে পদার্পন করতে চলেছে। কারোর সাথে কোন তুলনা নয়। শুধুই নিজের লক্ষ্যকে সামনে রেখে ধীরে ধীরে বছর ব্যাপী সামাজিক কল্যাণমূলক কর্মসূচী সকলের মিলিত প্রচেষ্টায় বাস্তবায়িত করে এগিয়ে যাচ্ছে।

প্রতি দু'বছর অন্তর অন্তর আমরা আমাদের সদস্যদের মধ্য থেকে এলামনির সংবিধানের রীতি অনুযায়ী নতুন কমিটি গঠন করে আমাদের গৃহিত কর্মসূচীগুলোকে সকলের মিলিত প্রচেষ্টায় রূপদানের চেষ্টা করে থাকি। সেই রীতি অনুযায়ী নতুন পরিচালন কমিটির ১টি বছর পূর্ণ হল। এই সময়ের মধ্যে পূর্বসূরীদের পদাঙ্ক অনুসরণ করে বেশ কিছু পদক্ষেপ গৃহীত হয়েছে। আর এ ক্ষেত্রে প্রত্যেকটি অনুষ্ঠান কিংবা কর্মসূচী সুন্দরভাবে সম্পন্ন করতে সাব কমিটি গঠন করেই তা বাস্তবায়িত করার চেষ্টা করা হয়েছে। এ ক্ষেত্রে অবশ্যই এগুলোর স্বার্থকতা বিচারের দায়ভার এলামনির সদস্যদের। এই একবছর সময়কালে বোধজং স্কুল এলামনি বেশ কয়েকটি পদক্ষেপ গ্রহণ করে।

এই সময়ের মধ্যে আমরা শিশুবিহার এলামনি আয়োজিত ইন্টার এলামনি স্কুল ক্রিকেট টুর্নামেন্টে অংশগ্রহণ করে টুর্নামেন্টের অন্যতম শক্তিশালী টিম প্রাচ্যভারতী এলামনিকে হারিয়ে চ্যাম্পিয়নের শিরোপা দখল করে। সেদিন মাঠের উন্মাদনা ও বড়দের উৎসাহ প্রদান যেন আমাদের স্কুল জীবনের স্মৃতিকে তাজা করে দেয়। দিনটা ছিল ২৬ ও ২৭ মার্চ ২০২২। এরপরই বিদ্যালয়ের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের সাফল্য কামনায়, তাদের অভয় বার্তা ও উৎসাহ প্রদানে ১৯শে এপ্রিল, ২০২২ তারিখে এলামনির তরফে বিদ্যার্থী সম্বর্ধনা জ্ঞাপন করে তাদের পাশে থাকার বার্তা প্রদান করা হয়। ১৫ই মে, বহু কাঙ্খিত সেই 'বর্ষবিদায় বর্ষবরণ' অনুষ্ঠানে সেদিন আগরতলা প্রেস ক্লাবের মিলনায়তনে সকলে একত্রিত হতে পেরে মনে হল সাংস্কৃতিক ঐতিহ্যকে ধারক বাহক করে আমরা সময়ের সাথে সাথে এগিয়ে যাচ্ছি। দেখতে দেখতে চলে আসে জুলাই মাস। বিশ্ব পরিবেশ দিবস উদ্‌যাপনের অঙ্গ হিসেবে সিদ্ধান্ত হয় বিদ্যালয়ের ভেতরে নবরূপে গড়ে উঠা পাকাবাড়ির দু-পাশে এবং অগ্রভাগে বৃক্ষরোপন করা হবে। যথারীতি ৫ জুলাই, ২০২২ইং তারিখে বিদ্যালয়ের বর্তমান ছাত্র আয়োজিত হয় বৃক্ষরোপন অনুষ্ঠান ও ক্যুইজ প্রতিযোগিতা। এদিনই বিদ্যালয়ের ভেতরের মাঠের দু-পাশে রোপন করাহয় বহুমূল্য রয়্যাল পাম গাছ ও বিভিন্ন মূল্যবান ফুল ও ভেষজ চারা গাছ। এলামনির তরফে প্রতি বছর বিদ্যালয়ের কৃতি ছাত্র ও প্রাক্তন শিক্ষক - শিক্ষিকাদের শিক্ষক দিবসে উপলক্ষ্যে সম্বর্ধনা জ্ঞাপন করা হয়ে থাকে। কিছু বিগত দুটি বছর কোভিড পরিস্থিতির জন্য তা অনুষ্ঠিত করা যায়নি। ২০২২ ইং তারিখে বিদ্যালয়ের মিলনায়তনেই তা করা হবে। সেদিন যথারীতি এলামনির তরফে সম্বর্ধিত করা হয় বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষক - শিক্ষিকা সহ কৃতি ছাত্রদের। এই অনুষ্ঠানের পরই আমাদের মধ্যে

আলাপ আলোচনা চলছিল নিকটবর্তী কোন আশ্রমে গিয়ে পিতা-মাতাহীন শিশুদের পাশে দাঁড়ানোর, যেমনটা আমরা বিগত সময়েও করেছি। এই পবিত্র কাজটি আমরা হাতে একটু সময় নিয়ে সকলে মিলে পরবর্তী সময় কোন একটা সময় করব বলে স্থির করে ছোট পরিসরে এলামনি অফিস গৃহেই একটি কালি বিলম্ব হলেও গত ১৩ নভেম্বর শারদ শুভেচ্ছা ও বিজয়া সম্মিলনীতে মিলিত হয়ে তা পালন করি। এদিনই আমাদের বাৎসরিক কার্যক্রম পুনঃর্মিলন উৎসব ও রানা বোধজং এর জন্মজয়ন্তী পালন উপলক্ষ্যে প্রস্তুতি শুরু হয়ে যায়। যার এবারের বহিঃপ্রকাশ আপনাদের সকলের সামনে প্রতীয়মান। আর একে কেন্দ্র করে আমাদের মুখপত্র ঐতিহ্যের অধিকারি ‘কালক্রমের’ এই নবরূপে আত্মপ্রকাশ। কালক্রমকে সমৃদ্ধ করতে যারা বা যে সকল প্রতিষ্ঠান এগিয়ে এসেছেন তাদেরকে পাশে পেয়ে আমরা নিজেদের ধন্য মনে করি।

এই পুনঃমিলন উৎসবকে সামনে রেখে এবারও বোধজং স্কুল এলামনির তরফে প্রদান করা হবে স্কলারশিপ। এই সার্বিক দিকটি সুন্দরভাবে সম্পন্ন করতে নিজেদের শত ব্যস্ততা থাকা সত্ত্বেও যারা অক্লান্ত পরিশ্রম করে তন, মন ধন দিয়ে এগিয়ে এসেছেন প্রত্যেকের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করে আপনাদের সকলের পরশে এভাবেই আমরা সকলে সামনের দিকে এগিয়ে যেতে চাই।

বোধজংস্কুল এলামনি শৈশবস্থা কাটিয়ে কৈশোরে পদার্পন করেছে। সামনেই তার যৌবনের উপবন। সুতরাং মনে হয় এখনই আমাদের কাছে মোক্ষম সময় বিদ্যালয়ের সার্বিক কল্যাণে তথা সমাজের সার্বিক কল্যাণার্থে আমাদের চলে আসা কর্মসূচীকে অক্ষুন্ন রেখে নতুন নতুন কর্মপন্থা গ্রহণ করা। সুদুর প্রসারী কল্যাণের জন্য আমাদের নতুন নতুন লক্ষ্যমাত্রা স্থির করে আরো অগ্রসর হতে হবে। যাতে বোধজংস্কুল এলামনি বৃহত্তর অর্থে সমাজ কল্যাণে তার একটি অনন্য পরিচয়ে উদ্ভাসিত হয়ে একটি প্রাতিষ্ঠানিক রূপে নবরূপে আত্মপ্রকাশ করে এগিয়ে আসে। আর এ কাজে আপনাদের প্রত্যেকের সহায়তাই আমাদের চলার পথের একমাত্র পাথেয়।

শুভেচ্ছান্তে<br>
মানব কর্মকার<br>
সম্পাদক<br>
বোধজং স্কুল এলামনি

# পুনর্মিলন সাংগঠনিক কমিটির চেয়ারম্যান এর বক্তব্য



ইঞ্জিঃ সুব্রত বণিক

"বোধজং স্কুল" যেন স্মৃতি রোমন্থনে এক আবেগময় নাম যার পূর্ণাস্বাদন আমাদের নিয়ে যায় ফেলে আসা স্কুল জীবনের সোনালী দিনগুলিতে। স্মৃতি সততই সুখের এবং এই না-ভুলতে পারা স্মৃতিকে ধরে রাখার জন্যে ২০শে ফেব্রুয়ারী ২০০৫ সালে কতিপয় প্রাক্তন দামাল ছাত্রদের নিয়ে গড়ে উঠেছিল "বোধজং স্কুল এলামনি"। গৌরবময় স্কুলজীবনের পুনঃস্মরণ, বিদ্যালয়ের মান উন্নয়ন এবং প্রাক্তন ছাত্রদের মেল বন্ধনকে সুদৃঢ় করা এবং ভবিষ্যতের দিকে চিন্তাধারাকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যমাত্রা নিয়ে এই এলামনি যাত্রা শুরু করেছিল।

দেখতে দেখতে ১৭ বৎসর পার হয়ে গেল এই এলামনির চলার পথ। আগামী ২২শে জানুয়ারী ২০২৩, ১৬ তম পুনর্মিলন করার প্রয়াস নিয়েছি সকল প্রাক্তনীরা। করোনা পরিস্থিতির কারণে একবছর আমরা পুনর্মিলন উৎসব করতে পারিনি। সুতরাং এই মহৎ প্রয়াসকে সাফল্যমণ্ডিত করার জন্য সকল এলামনি সদস্যদের আমি আমার আন্তরিক শ্রদ্ধা ও অভিনন্দন জানাচ্ছি। বিশেষভাবে কৃতজ্ঞতা প্রকাশ করছি এই পুনর্মিলন সাংগঠনিক কমিটির সকল সদস্যদের প্রতি — যাদের অক্লান্ত পরিশ্রমে এই পুনর্মিলন উৎসব স্মৃতির আঙ্গিনায় সর্বাঙ্গসুন্দর হয়ে উঠবে। নমস্কার।

বিনীত  
ইঞ্জিঃ সুব্রত বণিক  
চেয়ারম্যান  
পুনর্মিলন সাংগঠনিক কমিটি  
বোধজং স্কুল এলামনি



শ্রী সুবীর মজুমদার

# পুনর্মিলন সাংগঠনিক কমিটির ভাইস চেয়ারম্যানের কথা

এক বছর পর আবার আমরা বোধজং স্কুলের প্রাক্তনীরা পুনর্মিলন উৎসবের মাধ্যমে মিলিত হতে চলেছি।

আমাদের গর্বের স্কুল বোধজং এর সার্বিক উন্নয়নে আমাদের প্রয়াস জারি রয়েছে। আগামী দিনে এই প্রয়াস আরো শক্তিশালী হবে বলে বিশ্বাস রাখি।

বোধজং স্কুল-এর নির্মাণ কাজ চলার দরুন বহুদিন আমরা ভালো ভাবে আমাদের অনুষ্ঠান আয়োজন করতে পারিনি। এবছর স্কুলের মাঠ অনেক পরিষ্কার হয়েছে। অন্য অনেকের মত আমরা বিশ্বাস এ বছর আমাদের অনুষ্ঠান আরো বেশি আকর্ষণীয় হবে। বিশেষ করে খেলার পরিবেশ আরো ভালো হবে।

সকলকে আগামী বছরের আগাম শুভেচ্ছা জানিয়ে এখানেই ইতি টানছি। সবাই ভালো থাকবেন।

ধন্যবাদ সহ
সুবীর মজুমদার
ভাইস চেয়ারম্যান
পুনর্মিলন সাংগঠনিক কমিটি

# আহ্বায়কের কথা



শ্রী প্রণব নন্দী

বোধজং স্কুলে এলামনির ১৬ তম পুনর্মিলন উৎসবে সকলকে স্বাগত জানাচ্ছি। পুনর্মিলন উৎসব হবে মানেই এলামনির বার্ষিক মুখপত্র 'কালক্রম' এর প্রকাশ হবে। এবছরও তার ব্যতিক্রম হচ্ছে না।

বার্ষিক মুখপত্র প্রকাশের ক্ষেত্রে সর্বাগ্রে প্রয়োজন আর্থিক সংস্থান। আমরা অন্যান্য বছরের মত এবছরও বিভিন্ন বাণিজ্যিক প্রতিষ্ঠান সহ সরকারী দপ্তর থেকে বিজ্ঞাপন পেয়েছি। যা আমাদের মুখপত্র কালক্রম প্রকাশের ক্ষেত্রে অনেকাংশে সহায়তা করেছে। এলামনির আজীবন সদস্যদের রঙীন ছবি এবং বেশ কিছু রঙীন বিজ্ঞাপন প্রকাশিত হয়েছে এ বছরের কালক্রম'এ। আশা করব আগামী দিনে আরো ভালোভাবে কালক্রম প্রকাশ করতে সক্ষম হব। সকলে ভালো থাকুন, সুস্থ থাকুন।

অভিনন্দন সহ

প্রণব নন্দী

আহ্বায়ক

কালক্রম

# BODHJUNG SCHOOL ALUMNI
# EXECUTIVE COMMITTEE FOR THE YEAR 2022-23

| | | |
|---|---|---|
| **President** | : Sri Pradip Kumar Bhowmik | 7005925588 |
| **Vice President** | : Sri Dilip Kumar Paul | 9436581724 |
| **Secretary** | : Sri Manab Karmakar | 9436487509 |
| **Asst. Secretary** | : Sri Ashok Acharya | 9436569841/7005286127 |
| **Tresurare** | : Sri Haradhan Paul | 9862934001 |
| **Public Relation Sec** | : Sri Mridul Kanti Roy | 9436120461 |
| **Office Secretary** | : Sri Bikash Kali Paul | 9774427882 / 7005216853 |
| **Auditor** | : Sri Bhaskar Saha | 9436128337 |

## MEMBERS

Sri Prasenjit Saha, Sri Swapan Chakraborty, Sri Ajoy Podder, Sri Abhijit Acharjee, Sri Pranab Nandi, Sri Subir Majumder, Sri Arup Roy

## ADVISORY COMMITTEE

Sri Jamini Goala, Dr. Sudhir Debbarma, Sri Chinu Ranjan Saha, Sri Swaraj Ambuly, Dr. Subal Debnath, Er. Subrata Banik, Sri Khitish Debnath, Dr. Ranabalbir Jung, Dr. Sanjay Nath, Dr. Sukumar Debnath, Dr. Bholanath Saha.

## SCHOOL CO-ORDINATION COMMITTEE (9 MEMBERS)

Sri Bhaskar Saha, Sri Chinu Ranjan Saha, Sri Swaraj Ambuly, Sri Achintya Kumar Datta, Sri Arup Roy, Sri Haradhan Paul, Sri Subir Majumder, Sri Ajoy Podder, Sri Pranab Nandi,

## CO-OPTED MEMBER (21 MEMBERS)

Sri Soumitra Banik, Sri Prabal Banerjee, Sri Santanu Roy Chaudhury, Sri Mahaprabhu Chakraborty, Sri Amit Kumar Roy, Dr. Uttam Saha, Sri Achintya Kumar Datta, Sri Deepak Debnath, Sri Apurba Kumar Roy, Sri Kamaleshar Sinha, Er. Sushanta Dey, Sri Yadab Dey, Sri Prabir Rn. Das, Sri Abhijit Chakraborty, Sri Bidhan Chanda, Sri Manish Ghosh, Sri Subhankar Ghosh, Sri Kalyan Sarma, Sri Pradip Saha, Sri Sanjoy Acharjee, Sri Tribeni Saha.

## *BODHJUNG SCHOOL ALUMNI RE-UNION 2023*
## SUB COMMITTEES

| | | |
|---|---|---|
| **CHAIRMAN** | : Er Subrata Banik. | 9436139555 |
| **VICE-CHAIRMAN** | : Mr. Subir Majumder. | 9436126162 |
| **SECRETARY** | : Mr Bikashkali Paul. | 9774427882 / 7005216853 |

## FINANCE COMMITTEE

| | |
|---|---|
| 1. Mr. Tapesh Ch. Debnath (Convenor) | 9436120787 |
| 2. Mr. Soumitra Banik (Member) | 9436186204 |
| 3. Mr. Abhijit Acharjee (Member) | 7005297924 |
| 4. Mr. Bidhan Chanda (Member) | 8837327071 |
| 5. Mr. Subir Majumder (Member) | 9436126162 |
| 6. Mr. Ajoy Podder (Member) | 9862619754 |
| 7. Mr. Haradhan Paul(Member) | 9862934001 |
| 8. Mr. Ashok Acharya (Member) | 9436569841 / 7005286127 |
| 9. Mr. Dilip Paul (Member) | 9436581724 |
| 10. Mr. Prabir Ranjan Das (Member) | 9436122949 |
| 11. Mr.Swapan Chakraborty (Member) | 9436454878 |
| 12. Mr.Mridul Kanti Roy (Member) | 9436120461 |
| 13. Mr. Bikash Kali Paul (Member) | 9774427882 / 7005216853 |
| 14. Mr. Partha Bhattacharjee (Member) | 7005341297 |
| 15. Mr. Dipayan Kanti Banik (Member) | 9436134092 / 7005630649 |
| 16. Mr.Manish Ghosh (Member) | 7005363362 |
| 17. Mr. Sanjoy Acharjee (Member) | 8415943289 |
| 18. Mr.Pradip Saha (Member) | 9436504246 |

## SOUVENIR COMMITTEE

| | |
|---|---|
| 1) Mr. Pranab Nandi ( Convenor) | 9436502979 |
| 2) Mr. Achintya Kr. Datta (Member) | 9436121538 |
| 3) Mr. Soumitra Banik (Member) | 9436186204 |
| 4) Mr. Mridul Kanti Roy (Member) | 9436120461 |
| 5) Mr.Subir Majumdar (Member) | 9436126162 |
| 6) Dr. Bholanath Saha (Member) | 9436122120 |

## REFRESHMENT COMMITTEE

| | |
|---|---|
| 1) Mr. Dilip Kr. Pal ( Convenor) | 9436581724 |
| 2) Er. Susanta Dey (Member) | 9436454553 |
| 3) Mr. Haradhan Pal (Member) | 9862934001 |
| 4) Mr. Mahaprabhu Chakraborty (Member) | 9436501647 / 7005434358 |
| 5) Mr. Dipak Debnath (Member) | 8575979813 |
| 6) Mr. Atanu Saha (Member) | 9436169523 |
| 7) Mr. Abhijit Chakraborty (Member) | 9774390414 |
| 8) Mr. Parthajit Banik. (Member) | 9436452967 |
| 9) Mr. Ashok Acharya (Member) | 9436569841 / 7005286127 |

## EVENT COMMITTEE

| | |
|---|---|
| 1) Mr. Mridul Kanti. Roy ( Convenor) | 9436120461 |
| 2) Mr. Apan Debnath (Member) | 9436124133 |
| 3) Mr. Yadab Dey (Member) | 9436582951 |
| 4) Mr. Dipayan Kanti Banik (Member) | 9436134092 |
| 5) Mr. Kamaleswar Singha Roy (Member) | 9862427946 |
| 6) Mr. Ashok Acharya (Member) | 9436569841 / 7005286127 |
| 7) Mr. Bhaskar Saha | 9436128337 |

## SPORTS COMMITTEE

| | | |
|---|---|---|
| 1. | Mr. Santanu Roy Chowdhury (Convenor) | 9436457974 |
| 2. | Mr. Manish Ghosh (Joint Convenor) | 7005363362 |
| 3. | Mr. Kamaleswar Singha Roy (Member) | 9862427946 |
| 4. | Mr. Partha Bhattacharjee (Member) | 7005341297 |
| 5. | Mr. Nepal Majumder (Member) | 9436180553 |
| 6. | Mr Swapan Chakraborty (Member) | 9436454878 |

## PRESS & PUBLICITY COMMITTEE

| | | |
|---|---|---|
| 1. | Mr. Prasenjit Saha (Convenor) | 9862454850 |
| 2. | Mr. Meghdhan Deb (Member) | 9774382369 |
| 3. | Mr. Suman Saha (Member) | 9326085973 |
| 4. | Mr. Sukanta Biswas (Member) | 9774824694 |
| 5. | Mr. Driptaman Debroy (Member) | 9774283721 |
| 6. | Mr. Kalyan Shekhar Sharma (Member) | 9774918702 |

## RECEIPTION COMMITTEE

| | | |
|---|---|---|
| 1. | Mr. Chinu Rn. Saha.(Convenor) | 8415962026 |
| 2. | Mr. Himanshu Bhushan Saha (Member) | 9436516203 |
| 3. | Mr. Swaraj Ambuly (Member) | 9436122157 |
| 4. | Mr. Swapan Chakraborty(Member) | 9436454878 |
| 5. | Mr. Sanjoy Acharjee (Member) | 8415943289 |
| 6. | Mr.Tribeni Saha (Member) | 6009063808 |

## REGISTRATION COMMITTEE

| | | |
|---|---|---|
| 1. | Mr. Jamini Goala (Convenor) | 9774824855 |
| 2. | Mr. Mahaprabhu Chakraborty (Member) | 9436501647 / 7005434358 |
| 3. | Mr. Pradip Saha (Member) | 9436504246 |
| 4. | Mr. Prabir Ranjan Das (Member) | 9436122949 |
| 5. | Mr. Pranab Nandi (Member) | 9436502979 |
| 6. | Mr. Haradhan Paul (Member) | 9862934001 |

## CULTURAL COMMITTEE

| | | |
|---|---|---|
| 1. | Mr. Prabal Banerjee (Convenor) | 9436455443 |
| 2. | Mr. Kalyan Sekhar Sharma (Member) | 9774918702 |
| 3. | Mr. Debajit Dey (Member) | 7005512868 |
| 4. | Dr. Uttam Saha (Member) | 8794457889 |

## ANCHOR

| | | |
|---|---|---|
| 1. | Mr. Prasenjit Saha | 9862454850 |
| 2. | Dr. Uttam Saha | 8794457889 |

# Donation for Re-union 2022
# Collected on 09-01-2022

| Sl. No. | Memo No | Name of Members | Amounts |
|---|---|---|---|
| 01. | 171 | Mr. Cinu Ranjan Saha | 1000/- |
| 02. | 175 | Mr. Somnath Dey | 2000/- |
| 03. | 176 | Mr. Kamaleswar Singha | 500/- |
| 04. | 177 | Mr. Siddhartha Dey | 400/- |
| 05. | 179 | Mr. Uttam Saha | 1000/- |
| 06. | 180 | Mr. Ratan Saha | 2500/- |
| 07. | 181 | Mr. Bibash Bhattacharjee | 1000/- |
| 08. | 183 | Mr. Prabir Ranjan Das | 1000/- |
| 09. | 184 | Mr. Sankar Banik | 3000/- |
| 10. | 185 | Mr. Manish Ghosh | 500/- |
| 11. | 186 | Mr. Rana Balbir Jung | 2000/- |
| 12. | 187 | Mr. Tribeni Saha | 500/- |
| 13. | 188 | Mr. Sankar Deb | 500/- |
| 14. | 189 | Mr. Pradip Rakshit | 500/- |
| 15. | 191 | Mr. Paresh Ch. Roy | 2000/- |
| 16. | 192 | Dr. Subal Debnath | 2000/- |
| 17. | 193 | Dr. Sukumar Debnath | 2000/- |
| 18. | 194 | Mr. Shib Brata Roy | 3000/- |
| 19. | 195 | Mr. Satya Narayan Banik | 1000/- |
| 20. | 196 | Mr. Ranen Debroy | 2500/- |
| 21. | 197 | Mr. Haripada Choudhary | 500/- |
| 22. | 198 | Mr. Debanshu Dhar | 1000/- |
| 23. | 200 | Mr. Subrata Roy | 500/- |
| 24. | 208 | Mr. Subhendu Choudhary | 500/- |
| 25. | 210 | Mr. Amitava Saha | 500/- |
| 26. | 211 | Mr. Narattam Debnath | 500/- |
| 27. | 212 | Mr. Pradip Rn. Deb | 500/- |
| 28. | 213 | Mr. Suman Banik | 1000/- |
| 29. | 214 | Mr. Mrinal Kanti Debbarma | 500/- |
| 30. | 218 | Mr. Anup Das | 500/- |
| 31. | 220 | Mr. Kshitish Debnath | 500/- |
| 32. | 223 | Mr. Hari Lal Debbarma | 10,000/- |
| | | | **45400/-** |

# Donation for Re-union - 2023

| Sl. No | Name of Members | Amounts | Sl. No | Name of Members | Amounts |
|---|---|---|---|---|---|
| 1. | Mr. Pranab Nandi | 1000/- | 38. | Dr. Bolanath Saha | 1000/- |
| 2. | Mr. Jamini Goala | 1600/- | 39. | Dr. Sudhir Debbarma | 3000/- |
| 3. | Mr. Prabal Banerjee | 500/- | 40. | Mr. Partha Bhattacharjee | 2000/- |
| 4. | Mr. Mahaprabu Chakraborty | 1000/- | 41. | Mr. Arun Bhowmik | 1500/- |
| 5. | Mr. Debansu Dhar | 1000/- | 42. | Mr. Tapesh Debnath | 5000/- |
| 6. | Mr. Prasenjit Saha | 1000/- | 43. | Mr. Haradhan Paul | 1000/- |
| 7. | Mr. Jadav Dey | 500/- | 44. | Mr. Sushanta Dey | 1000/- |
| 8. | Mr. Ashok Acharya | 1000/- | 45. | Mr. Tribeni Saha | 1000/- |
| 9. | Mr. Debabrata Chakraborty | 500/- | 46. | Mr. Tapan Kr. Bhowmik | 1500/- |
| 10. | Mr. Pradip Saha | 1000/- | 47. | Mr. Soumitra Banik | 1000/- |
| 11. | Mr. Nibir Banik | 500/- | 48. | Mr. Swapan Kr. Nath | 1000/- |
| 12. | Mr. Bidhan Chanda | 1000/- | 49. | Er. Subrata Banik | 5000/- |
| 13. | Mr. Dipankar Debnath | 500/- | 50. | Er. Saibal Kr. Nandi | 3000/- |
| 14. | Mr. Dipak Debnath | 500/- | 51. | Er. Salil Das | 1000/- |
| 15. | Mr. Swapan Chakraborty | 1500/- | 52. | Mr. Nitya Gopal Bhattacharjee | 500/- |
| 16. | Mr. Kamaleswar Singh Roy | 500/- | 53. | Mr. Ashok Roy | 1000/- |
| 17. | Mr. Sanjoy Acharjee | 1000/- | 54. | Mr. Tapan Goswami | 3000/- |
| 18. | Mr. Manish Ghosh | 1000/- | 55. | Mr. Kamal Sutradhar | 2000/- |
| 19. | Mr. Achintya Kr. Datta | 2001/- | 56. | Mr. Parthajit Banik | 2000/- |
| 20. | Mr. Swaraj Ambully | 2000/- | 57. | Mr. Abhijit Deb | 5000/- |
| 21. | Mr. Prabir Ranjan Das | 1000/- | 58. | Mr. Subir Majumder | 2000/- |
| 22. | Mr. Dilip Kr. Pal | 1000/- | 59. | Dr. Bikash Roy | 5000/- |
| 23. | Mr. Chinu Ranjan Saha | 1000/- | 60. | Mr. Sankar Banik | 3000/- |
| 24. | Mr. Bhajan Gupta | 2000/- | 61. | Mr. Keshab Denath | 500/- |
| 25. | Mr. Biman Das | 1000/- | 62. | Mr. Kamal Nath | 1000/- |
| 26. | Dr. Satyajit Chakraborty | 5000/- | 63. | Mr. Asit Raychudhury | 2000/- |
| 27. | Mr. Chandra Shekhar Deb | 500/- | 64. | Mr. N.C. Bhowmik | 500/- |
| 28. | Mr. Ashis Saha | 2000/- | 65. | Mr. Dr. Debasish Banik | 2000/- |
| 29. | Mr. Usha Ranjan Nag (Bijan) | 500/- | 66. | Mr. Pradip Rakshit | 1000/- |
| 30. | Mr. Dwijen Singha | 3000/- | 67. | Mr. Animesh Das | 1000/- |
| 31. | Mr. Paresh Ch. Roy | 2000/- | 68. | Mr. Swapan Kr. Das | 1000/- |
| 32. | Mr. Manoranjan Debnath | 1000/- | 69. | Mr. Subhankar Sarkar | 500/- |
| 33. | Mr. Shekhar Debnath | 500/- | 70. | Mr. Malay Chakraborty | 2000/- |
| 34. | Dr. Prafulla Jit Singha | 1000/- | 71. | Mr. Bikash Kali Paul | 500/- |
| 35. | Mr. Amit Kr. Roy | 2000/- | 72. | Mr. Sumraj Ray | 500/- |
| 36. | Mr. Bidyut Sen | 500/- | 73. | Mr. Amit Kr. Debbarma | 1000/- |
| 37. | Mr. Ranabir Roy | 500/- | 74. | Mr. Biswajit Chatterjee | 1000/- |

# Donation for Re-union - 2023

| Sl. No | Name of Members | Amounts | Sl. No | Name of Members | Amounts |
|---|---|---|---|---|---|
| 75. | Mr. Apan Debnath | 5000/- | 86. | Mr. Haripada Debnath | 1000/- |
| 76. | Mr. Saikat Paul | 500/- | 87. | Mr. Tribeni Nath | 1000/- |
| 77. | Mr. Biresh Ranjan Choudhury | 1000/- | 88. | Mr. Pradip Kr. Bhowmik | 3000/- |
| 78. | Mr. Anup Kr. Das | 1000/- | 89. | Mr. Bhaskar Saha | 1000/- |
| 79. | Mr. Niranjan Kanti Dhar | 5000/- | 90. | Mr. Partha Sarathi Ghosh | 1000/- |
| 80. | Mr. Badal Kr. Saha | 2000/- | 91. | Mr. Santosh Roy | 500/- |
| 81. | Mr. Biswajit Paul | 500/- | 92. | Mr. Pulak Roy | 500/- |
| 82. | Mr. Priyanath Saha | 3000/- | 93. | Mr. Rajat Bhattacharjee | 1000/- |
| 83. | Mr. Khokan Debnath | 500/- | 94. | Mr. Amit Kr. Paul | 500/- |
| 84. | Mr. Shiba brata Ray | 2000/- | 95. | Mr. Jyotimay Debnath | 500/- |
| 85. | Mr. Sadhan Debnath | 1000/- | 96. | Mr. Dipen Sarkar | 1000/- |
| | | | 97. | Mr. Mrinal Kanti Debbarma | 1000/- |

## শ্রদ্ধার্ঘ্য অর্পণ



### সরোজ চৌধুরী

তুমি চলে গেলে কত দূরে
মনে হয় আজও যেন আশ পাশে।
অনুভব করি তোমার অভাব প্রতিক্ষণে
অশ্রু সজল নয়নে সদা স্মরণ করি তোমাকে
চির শান্তিতে থেকো তুমি অমৃত লোকে।

স্মরণিকা কালক্রম সংখ্যা প্রকাশ কালে
অ্যালামনির যে সকল সদস্য প্রয়াত হয়েছেন।
তাদের সকলের প্রতি শ্রদ্ধার্ঘ্য এবং পরিবারের
সকল সদস্যদের প্রতি আমাদের সহমর্মিতা জ্ঞাপন করছি।

# BODHJUNG SCHOOL ALUMNI

**Office : Bodhjung (Boys) H.S. School, Banamalipur**
**Agartala, Tripura West**

**Registered Under Secieties Registration Act 1860**
**Govt. of Tripura**

Receipts and Payments Account for the Year ended 31st March, 2022

| Receipts | | Amount(Rs) | Payments | | Amount(Rs) |
|---|---|---|---|---|---|
| To Opening Balance | | | By Felicitation | | 8,066.00 |
| Cash at Bank : | | | By Web side & SMS | | 4,950.00 |
| SBI | 32,234.00 | | By Office Expediture | | 16,923.00 |
| Co-Operative Urban | 168,713.00 | | By Audit Fee | | 2,500.00 |
| Cash in Hand | 9,141.00 | 210,088.00 | By Room Rep. | | 51,820.00 |
| | | | By Souvinier | | 62,000.00 |
| To Life Member | | 20,500.00 | By Event | | 133,413.00 |
| To Donation | | 140,400.00 | By Scholership | | 7,000.00 |
| To Souvinier (Advertisement) | | 108,500.00 | By Cricket Turnament | | 7,700.00 |
| To Daligate Fee | | 22,200.00 | Bank Charge | | 140.00 |
| To Scholership Interest (FD) | | 3,600.00 | ATM Charge ( Bank of Boroda) | | 295.00 |
| To Donation from Niranjan Debnath | | 100,000.00 | By Outstanding Payment | | 9,659.00 |
| To Bank Interest (SB A/c) | | 5,354.00 | By Furniture | | 29,010.00 |
| To FD Interest Received | | 49,023.00 | By New FD | | 299,023.00 |
| To FD Matured | | 250,000.00 | By Closing Balance | | |
| | | | Cash at Bank | | |
| | | | SBI | 23,008.00 | |
| | | | Co-Operative Urban | 45,107.00 | |
| | | | Bank of Boroda | 201,706.00 | 269,821.00 |
| | | | By Cash in hand | | 7,345.00 |
| | | 909,665.00 | | | 909,665.00 |

Signed in terms of our audit report on even date

Place : Agartala

Date : 09/08/22

M/s S.Basu Thakur & Co.
Chartered Accountants

S. BASU THAKUR & CO. FRN NO. 312120E CHARTERED ACCOUNTANTS

CA. I.D.P. Majee
Partner




বিধান চন্দ

# কাগজের নৌকা

সালটা হবে ইংরেজী ১৯৬৬ কিংবা ১৯৬৭। দ্বিতীয় বা তৃতীয় শ্রেণীতে পড়ি। আগরতলা, ইন্দ্রনগর উচ্চ বুনিয়াদী বিদ্যালয়। বর্তমানে উচ্চ মাধ্যমিক, অন্যান্য দিনের মতোই সহপাঠি প্রতিবেশী বন্ধু সহ ফিরছিলাম। বিভিন্ন দিন বিভিন্ন ঘুরপথে বাড়ি ফেরাটাই ছিল আমাদের কাছে এক বিশাল চ্যালেঞ্জ এবং অ্যাডভেঞ্চার। এর জন্য যে মাঝে মধ্যেই বাড়িতে বকুনি আর বেত্রাগাত থাকত উপরি পাওনা হিসাবে সে কথা বলতে দ্বিধা নেই।

ঠিক তেমনি একদিন দুই বন্ধু মিলে নূতন দিশার খোঁজে ঘুরপথে বাড়ি ফিরছিলাম জমির আলপথ ধরে। আর সত্যি-সত্যি অনেকটা হঠাৎই যেন আবিস্কার হলো জমির মাঝখানে সদ্য খনন করা কূপ! স্ফটিক এর মতো পরিস্কার জমির কাণায় কাণায় পূর্ণ জলরাশি। আমাদের আনন্দ আর ধরে না। বই খাতা পাশে রেখে নূতন আবিস্কারের উন্মাদনায় আমরা মেতে উঠলাম জল নিয়ে খেলায়। আমি ওর গায়ে জল ছিটাচ্ছি তো ও আমার গায়ে। হাতের কাছে ঘাস দুর্বা যা পেয়েছি তা-ই ছুড়ে ছুড়ে ফেলেছি জলে। কাগজের নৌকা বানিয়ে জলে শুধু ভাসিয়েই ক্ষান্ত হইনি। মেঘের কোলে রোদ হেসেছে বাদল গেছে টুটি ....... তালদিঘিতে ভাসিয়ে দেব চলবে ছলে ছলে এছড়াটিও সুরে বেসুরে পাঠ করেছি। এরই মাঝে হঠাৎ যেন সম্বিৎ ফিরল অনেকটা দেরী হয়ে গেল বাড়ি ফিরতে হবে যে, বইখাতা হাতে নিয়ে বাড়ির পথে বা বাড়াতেই সহপাঠি বন্ধুটি বলল একটু দাঁড়া - ঘুরে দাঁড়াতেই দেখতে পেলাম জল আর স্থল এর প্রান্ত বরাবর বসে সামনের দিকে ঝুঁকে জলের প্রায় কেন্দ্রবিন্দুর কাছে নৌকাটির দিকে হাত বাড়াচ্ছে। কিছু বুঝে উঠার আগেই বগলদাবা করে রাখা বই সহ বন্ধুটি চোখের পলকে হাওয়া। ভাবা যায়! টু-প্-পু-স শব্দ করেই একেবারে সলিল সমাধি।

এদিকে আমি কিছু বুঝতে না পেরে হতচকিত হয়ে যাই, সম্ভাব্য বিপদের কোনও আঁচ করতে না পেরে ব্যস্ত হয়ে যাই জলে ভাসমান বইগুলোকে উদ্ধার করতে। এদিকে অমাবস্যার চাঁদের মতো হাবুডুবু খেতে খেতে হাত দুটি উপরের দিকে প্রসারিত করে বন্ধুটি কিছু একটা বলার চেষ্টা করতেই আবারো তলিয়ে গেল অতলে। আমার মনে হলো মুক্ত আকাশের কাছে দু'হাত বাড়ায়ে একটু আশ্রয় চাইছিল যেন।



আর ঠিক তখনই আমার মনে যেন একটা ঝড় বয়ে গেল। মুহূর্তের মধ্যে অনেক অনেক কথার মধ্যে আমার শুধুই মনে হতে লাগল ইশ্ যদি একটা বারের মতো বলতাম যে আমার হাত দু'টো শক্ত করে ধর, বলা হয়নি সে ঠিক, কিন্তু ওর মৃত্যু ভয় আমাকে বিচলিত করে নি। কেননা এ শব্দটার সাথে এ বয়সে তখনও যে পরিচয় হয়নি। একটু দুরেই রাস্তায় দাঁড়িয়ে আছেন এক পাড়াতুতো কাকু। ডাকলে শুনতে পাবেন। দূরত্ব বেশি নয়। তবুও ডাকার সাহস হয় নি। উনি ছিলেন খিটখিটে মেজাজের লোক। আমাদের রাস্তায় দেখলেই শুধুশুধু বকাঝকা করতেন। তাই ভাবলাম উনাকে যদি ডাকি হয়তোবা বলবেন - এখানে কী করছিস্ এদিকে কী, কখন এলি ইত্যাদি ইত্যাদি ....।

এই সমস্ত কথাগুলো এলোমেলোভাবে মুহুর্তের মধ্যে যখন আমার মনে ঘোরপাক খাচ্ছিল ঠিক তখনই আবারও বন্ধুটির হাত

উপরের দিকে ভেসে আসতেই বললাম “আমায় ধর” যেমন কথা তেমন কাজ! আমার কথা ওর কানে পৌঁছাল কীনা জানিনা। তবে আমার হাত দুটি শক্ত করে ধরতে কোন ভুল করে নি। অনায়াসেই ডাঙ্গায় তুলে আনলাম। যদি তুলতে না পারতাম বা উভয়েরেই সলিল সমাধি হয়ে যেত সে কথা আমাদের ঘুণাক্ষরেও মনে হয় নি। বরং আমরা ব্যস্ত হয়ে পড়লাম হালকা রোদে জামা কাপড় সহ বইগুলোকে রোদে দিতে। এরই মাঝে আবারো মনে পড়লো বাড়ি ফেরার কথা। আজ যে বড্ড দেরী হয়ে গেল। তারাতারি বইপত্র গুছিয়ে ভিজা জামাকাপড় পরা অবস্থায় বন্ধু সহ বাড়ির পথে পা বাড়াতেই নজরে এলো খিটখিটে কাকুটি যে এখনও রাস্তার মাথায় দাঁড়িয়ে। তাই - আবারো গতিপথ পরিবর্তন এবং অবশ্যই ঘুরপথে। ভয়ে ভয়ে দু'জনেই যে যার বাড়ীতে গেলাম। সব সত্যি কথা বললাম। কোথাও কোন ফাঁকিঝুঁকি দিলাম না। এতো ঘটনার পরও বকুনীর মাত্রাটা যে কেন কম ছিল তা বুঝতে বেশ কয়েকবছর সময় লেগেছিল। তখন শুধু বুঝতে পারিনি — বিপদসীমার গ্রাফটি কতটা উর্দ্ধমুখী ছিল!! দুএকদিন বাদেই “ঘরে পাতা দই” আর গুড় দিয়ে ওদের বাড়ীতে নেমন্তন্ন খেয়েছিলাম। অন্য অনেক কথার সাথে এ কথাটি এখনও মনে জ্বল জ্বল করছে।

✦✦✦✦✦

# Wingless Angel

Dr Anwesha Debbarman

Transparent as water, pure as feathers, far as sky.
The softer you are, the pricklier I feel.
What if my reflection falls on your crystal clear heart?
I have hidden myself since I remember.
How to lift the veil?
How to be who I am?
The North Star, fire fliers of my dark nights.
All the tapes over my crashed glasses.
Faith in your fragile heart pushes me,
to take one more step;
to wait one more eternity.
Wingless angel, master craftsman crafted you in and out.
Your beauty is deep within much more than,
Meets the eyes.
All the perfection yet each glance I meet a child.
How your charm strings wind me up make me
Feel hypnotized.
The wild call of mystics singing folk songs
Gripping me like wild vines.
The magic of uncertainty restrains me through a free fall,
Until I fall off the cliff or heavens catch my heart.

# "TRIPURI SOCIETY AT A GLANCE"

Amit Kr Debbarman

The land Tripura is the home land of the Tripuri people. The Tripuri clan is said to have been the inhabitant of Borak Valley of Assam. Historians are of opinion that a section of the Boro people headed by some chief might have been moved towards the southern direction crossing the border of Assam and reached "Rangamati''(Now Udaipur). They selected the land for establishing kingdom thinking to be a safer one having no border with foreign territory. It was Udai Manikya (1567 to 1572 AD) who renamed as Udaypur after his name.

Dr Sunity Kumar Chatterjee opined that the Tripuris under the Indo- Mongolodis or Kiratas. Linguistically the Tripuris are Bodos. The Bodos , who scattered whole of the Brahmaputra Valley and North Eastern India as well as East Bengal. According to group of ethnographers report (namely Capt. Pemborton (Jalpaiguri District Handbook), Hooker (Himalayan Journal), Dalton (Descriptive Ethnology of Bengal, 1872) and Sunder (Survey report, 1895), the Bodos are known with different generic groups names as Cacharis. Dimasas, Koches, Rajbansis and Tripuris living in different places. There is a different opinion that Tripuris was called "Tippera" by the Britishers when Tripuraswari temple was built in 1501. According to Sanskrit Rajmala and Rajratnakar, the Tripuri kingdom was founded by Druhya a son of Emperor Yayati was exiled by his father and went to the eastern India and set up a new dynasty after defeating the king of the Kirats. But there is no historical base on both these story.

(Source: Progressive Tripura, A.C. Bhattacharya).

According to Kailash Ch Sing the Tripura dynasty emerged from the Shan dynasty of upper Burma. The author of Rajmala said "Tripura" emerged from the two Tripuri words Tui (Water) and Pra (meeting point).(Source: Rajmala)

In the early fifteen century, the ruling class begun as Manikya dynasty and claimed themselves to be Kshatriya caste. By origin, the texture of Tripuri society has got deep root on the primitive way of life and the religion professed by them is based on their belief in living force of natural objects. The geographical proximity of Tripura with.East Bengal is responsible to bring about such transformation in the Tripuri society in respect of religious and cultural adoption. The Tripuri society is composed of two distinct racial components Aryan and Non- Aryan, namely Hindu Bengali and Hindu Tripuri. Later the enlightened Tripuri society (Tibeto-Burma family) has completely become a Semi-Aryan Society due to century old association with Bengali society The modern Tripuri Society can be termed as the semi Aryanised form of a society where in dualistic form of religious faith, animism and Himduism.

In the Neolithic age, they discovered the art of cultivation, various crafts, domestication of animals and pastoral economy along with use of polished stone, metallic implementation for the use of jhoom cultivation. Now, keeping pace with modernization they have shifted from jhoom cultivation to maintain their livelihood. But most of the Tripuri dresses, songs and dances are related to jhoom cultivation .The food habit of the Tripuri society has also little bit changed due to association with Bengali Society.

By origin the Tripuri Society had no system of idolatry. The deities males or females worshipped by them have no image or "pratima" but symbolic image made out of green bamboo. They have their own one God known as "Motai Katar" which means supreme god equivalent to Lord Siva. Later chronologically worship of Gharia puza, Ker puza and puza of fourteen goddess started among the

Tripuri society. But due to culture contact with the Bengali Hindus they turned to be idol worshipper. The Royal family of Tripura had great devotion towards Sakti worship. They erected many temple and installed image or icon of many Hindu God and Goddess in Tripura.

Recently, the Tripuri peoples and other cognate Kok Borok speaking communities like to introduce themselves as “Triprasa”. The family system of Tripuri society is of simpler nature It refers to a universal, permanent, well-disciplined characterized by socially approved sexual access and reproduction, common residence, domestic services and economic co-operation. The marriage system is prevalent in Tripuri Society(Hindu-Bengali) as Hindu system of marriage recognized by “Manu”. The family structure of Tripuri is similar to that of the common Indian family structure based on joint family. Modern outlook and mode of living are responsible to bring about change to led nuclear family.

+++++





ডাঃ ভোলানাথ সাহা

# মাদার টেরিজার মৃত্যুর রৌপ্য জয়ন্তীতে উনার এক দুর্লভ দর্শনের স্মরণ ও মনন

(২৬-০৮-১৯১০ থেকে ০৫-০৯-১৯৯৭)

সদা প্রবাহমান এই বিশ্বে কোটি কোটি মানুষের আগমন। এদের অতি ক্ষুদ্র অংশ তাদের ত্যাগ, তিতিক্ষা, নিষ্ঠা ও অধ্যবসায় বলে অর্জন করে এক দুর্লভ জীবনের মহত্ব। অমরত্বের বিজয় তিলক। উনারা সবাই আমাদের স্মরণীয় ও বরণীয়। মানুষ চিরকাল সযত্নে বুকে ধরে রাখে তাদের স্মৃতি। উনাদের গুণগাথা শুনিয়ে চলে অনাদিকালের মানুষকে। তেমনি এক মহিয়সী নারী মাদার টেরিজা। প্রেম, শান্তি, সেবা ও আশ্রয়ের প্রতীক। যিনি বিশ্বের পীড়িত, দরিদ্র, অসহায় মানুষের সেবায় নিজের পুত-জীবন উৎসর্গ করেছেন।

আমার অতি সৌভাগ্যক্রমে প্রায় ৩৮ বছর আগে ১৯৮৪ সালের জুন মাসে আকস্মিকভাবে আগরতলা বিমান বন্দরে এই মহিয়সী মানবীর দর্শন পাই। আমার জীবন হয় ধন্য। আমার সহধর্মির্নী ও দুই শিশু সন্তানকে গ্রীষ্মের ছুটিতে শ্বশুরালয় পৌঁছে দেবার জন্য গৌহাটির ফ্লাইটে উঠিয়ে দিয়ে বিমান বন্দর থেকে বেরোবার সময় হঠাৎ করে আমার সহপাঠী ও সুহৃত বন্ধু পুলিশ ইন্সপেক্টর চন্দন চক্রবর্তীর সঙ্গে দেখা। চন্দন আমাকে বলল "ভোলা, মাদার টেরিজা কলকাতা যাবার পথে এখানে ভি. আই. পি.কক্ষে অপেক্ষা করছেন। চল্ তোকে দেখা করিয়ে দেই।" আমি আনন্দে আত্মহারা, জীবনে অপ্রত্যাশিত এমন সৌভাগ্য হবে ভাবতেও পারিনি। আমি সাথে সাথে বন্ধু চন্দনের সাথে অতি অনুগ্রহ ও অনুকম্প নিয়ে ভি. আই. পি. প্রতীক্ষালয়ে এগিয়ে গেলাম। মাদার একা একা ফাঁকা ঘরে সোফায় বসে আছেন। জীবনের এক বিরল আনন্দময় মুহূর্তে এই বিশ্ব বরেণ্য জননীকে প্রণাম করার সুযোগ পেলাম। মা জননী আমার মাথায় হাত দিয়ে বলল "God Bless You"। সমস্ত শরীরে এক দিব্য শিহরণ ও অনুভূতিতে কিছুক্ষণ আত্মস্থ হয়ে এক গভীর ভাবাবেশে পুলকিত নয়নে মাদারের দিকে কিছুক্ষণ তাকিয়ে রইলাম। মুখে কোন কথা ফুটল না। লক্ষ্য করলাম মা এক প্রগাঢ় অন্তভের্দী ও মর্মস্পর্শী। দিব্য দৃষ্টিতে আমাকে আশীর্বাদ করছে।

মাদারের আশীর্বাদ আমি যে সত্যি সত্যি পেয়েছিলাম তা প্রমাণ পেলাম এই দর্শনের ঠিক চার বছর পর ১৯৮৮ সালের জুন মাসে। ১৯৮৮ সালে আমি ব্রিটিশ কাউন্সিল ও ভারত সরকার কর্তৃক মনোনীত হয়ে তিন মাসের জন্য লিভার পুল স্কুল অব ট্রপিক্যাল মেডিসিন-এ মেটারনেল এণ্ড চাইল্ড হেলথ্ বিষয়ে ফেলোশিপ করার সুযোগ পাই। জুন মাসে ইউরোপের কয়েকটি দেশ ভ্রমণের ভিসা নেবার জন্য লণ্ডন যাই। ভিসা অফিসে সকালে দরখাস্ত জমা দিয়ে বিকাল বেলায় এক বয়স্ক ভদ্রমহিলা ভিসা অফিসারের নিকট সাক্ষাতের ডাক পাই। মহিলা অফিসার আমার কাগজপত্র দেখার ফাঁকে জিজ্ঞাসা করল "You are from India, do you know mother teresa"। আমি হতবাক। উনি আমার ভিসা সংক্রান্ত কোন প্রশ্ন না করে এই প্রশ্ন কেন করল? উত্তরে আমি আগরতলা বিমান বন্দরে মাদারের দর্শন পাওয়ার কথা সব জানালাম। এবার ভদ্রমহিলা চক্ষু স্থির করে আমার দিকে তাকিয়ে বলল "What do you think about her ?" আমি বললাম "To my realisation she is a living god"। ভদ্রমহিলা আমার দিকে এক মর্মস্পর্শী দৃষ্টিতে তাকিয়ে রইল এবং সে আমলে যে ভিসা পেতে প্রায় ৮-১০ দিন সময় লাগত তিনি আমাকে ৮-১০ মিনিটে তিনটি দেশের ভিসা একসাথে মঞ্জুর করে দিলেন।

এখানে উল্লেখ করা যেতে পারে বর্তমান কুঞ্জবনস্থিত নির্মলা শিশুভবনের জমিখানা ১৯৭৯ সালে তৎকালীন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের বদান্যতায় মাদার টেরিজা কর্তৃক স্থাপিত মিশনারিজ অফ চ্যারিটিকে দান করে দেন। ১৯৭৯ সালে ১৬ই জুলাই মাদার স্বয়ং উপস্থিত থেকে তার উদ্বোধন করেন। পরে ১৯৮৪ সালে জুন মাসে মাদার দ্বিতীয় ও শেষবারের মতো আগরতলা এই প্রতিষ্ঠানে পদার্পণ করেছিলেন।

### মাদার টেরেসা সম্পর্কে কলকাতা আদ্যাপীঠ মন্দিরের অধ্যক্ষ মহারাজ মুরাল ভাই এর অভিমত

১৯৯৬ সালের ৮ই ডিসেম্বর থেকে ১২ই ডিসেম্বর পর্যন্ত ডাঃ মহানামব্রত ব্রহ্মচারিজীর ১৯৩৩ সালে শিকাগো ভাষণের হীরক জয়ন্তী উদযাপনে উপলক্ষে আগরতলা টাউন হলে ও মা আনন্দময়ীর আশ্রম প্রাঙ্গণে এক মানবধর্ম মহাসম্মেলন অনুষ্ঠিত হয়। বনমালীপুর মহানাম অঙ্গনের কর্মকর্তারা বিশেষভাবে বর্তমানে প্রয়াত **ডাঃ কুসুম লাল রায় ও মোহনলাল সাহা** মহাশয়েরা এই সম্মেলনের মূল দায়িত্বে ছিলেন। সারা ভারত ও বাংলাদেশ থেকে সর্বধর্মের প্রাজ্ঞ মনিষীরা এই মাঙ্গলিক অনুষ্ঠানে মূল্যবান ভাষণ রাখেন। এই সম্মেলনে শেষ দিন অর্থাৎ ১২ ডিসেম্বর প্রধান অতিথি ছিলেন দক্ষিণেশ্বর রামকৃষ্ণ সংঘ, আদ্যাপীঠের অধ্যক্ষ শ্রীমৎ ব্রহ্মচারী মুরাল ভাই মহাশয়। সেদিন দুপুরে কলকাতা থেকে তিনি আসেন পরের দিন সন্ধ্যায় ফিরে যান। সৌভাগ্যক্রমে (১২-১২-১৯৯৬) বিকালে অরুন্ধতীনগরস্থিত পুলিশ লাইনে আমার সরকারী আবাসে প্রায় ২ ঘন্টা উনার সান্নিধ্য পাই। বহু প্রবচনবাক্যও উনার ব্যক্তিগত জীবন কথার অবকাশে বলেছিলেন যে উনার দৃষ্টিতে সেই সময়কালে মাদার টেরিজাই ছিলেন আধ্যাত্মিক ও মানবিক জগতের সর্বশ্রেষ্ঠ মহিষী। সেই সত্য ভাবনা থেকে আদ্যাপীঠ মন্দিরে নবকলেবরে নির্মিত লিফট সহ রান্নাঘরের দ্বার উন্মোচন মাদার টেরিজাকে দিয়ে করিয়েছেন।


### মাদারের চিকিৎসা ও জানামত কিছু কথা

আমেরিকা পরিভ্রমণের সময় মাদার একবার জ্বরে আক্রান্ত হয়ে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। সেখানে নানান আধুনিক পরীক্ষা নিরীক্ষা করেও চিকিৎসকরা রোগ নির্ণয় করতে পারছিলেন না। রোগীর অবস্থার অবনতী হচ্ছিল। বিখ্যাত সব চিকিৎসকরা খুবই চিন্তিত । এই করুন অবস্থায় মাদার আমেরিকার চিকিৎসকদের কোলকাতায় উনার ব্যক্তিগত চিকিৎসক **ডাঃ সুকুমার মুখার্জীর** সাথে যোগাযোগ করতে অনুরোধ করলেন। ডাঃ মুখার্জী রোগের সব রিপোর্ট ও খবরাখবর নিয়ে ম্যালেরিয়ার ওষুধ প্রয়োগ করার জন্য জানালেন, যদিও পরীক্ষায় কোন ম্যালেরিয়া রোগের জীবাণু ধরা পড়েনি। ম্যালেরিয়া ওষুধ প্রয়োগ করার পর মাদারের জ্বর ধীরে ধীরে কমতে শুরু করে এবং কিছুদিনের মধ্যে মাদার সম্পূর্ণ আরোগ্য লাভ করলেন।

বিশ্ব তথা ভারতের বিখ্যাত কার্ডিয়াক সার্জেন ও হৃদরোগ বিশেষজ্ঞ **ডাঃ দেবী শেট্টি** এক সাক্ষাতকারে বলেছেন মাদার একবার হৃদরোগে আক্রান্ত হবার পর উনার চিকিৎসা করতে গিয়ে তিনি জীবনের প্রথম ঈশ্বরকে অনুভব করেছিলেন।

### মাদারের সংক্ষিপ্ত জীবন দর্শন

মাদারের জীবনী নিয়ে আলোচনা করা এই লেখার উদ্দেশ্য নয়। তথাপি অতি সংক্ষেপে উনার লৌকিক জীবন আলোকপাত করার বাসনা পরিত্যাগ করতে পারছি না।



